

(২)

অথবা

২খ. শরতের আশ্চর্য সমৃদ্ধির ছবি দিয়ে যে ‘নৌকাডুবি’ কবিতা আরম্ভ হয়, তার শেষ ছবি অভাবে তলিয়ে যাওয়ার। একই কবিতার শুরু ও শেষের এই দুই বিপরীত ছবিকে তুমি কীভাবে মেলাবে বা আদৌ মেলাবে কিনা আলোচনা করো। ১০

৩ক. কখনও অনুবাদে আবার কখনও বা আন্তর্ভ্রমণের দ্বারা বিষ্ণু দেব কাব্যধারায় একটি পর্ব থেকে লোকায়ত বা প্রাকৃত উপাদানের উপস্থিতি কবির সচেতন সংস্কৃতিভাবনার পরিচয় হয়ে উঠেছিল। প্রাসঙ্গিক কয়েকটি কবিতা অবলম্বনে বিষয়টি বিশ্লেষণ করো। ১০

অথবা

৩খ. মিথ-পুরাণের ভাঙা-গড়ার মধ্য দিয়ে বিষ্ণু দে কীভাবে তাঁর কবিতার অবয়ব নির্মাণ করেন, পাঠ্য কবিতা অবলম্বনে তা আলোচনা করো। ১০

৪ক. সুভাষ মুখোপাধ্যায়ের প্রথম তিনটি কবিতার বইয়ের থেকে তার পরের কবিতায় কি কোনও বদল দেখ? ঠিক কী বা কী কী ধরনের বদল দেখ, তার মূল্যায়ন করে কোন পর্বের কবিতা তোমার বেশি ভালো লাগে এবং কেন লাগে তা জানাও। ১০

অথবা

৪খ. সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় এক সময় কাহিনির আদল এসে পড়ে। এ কি তার কবিতাকে দুর্বল করে, না কি একেই তুমি সুভাষের কবিতার শক্তি বলবে? ১০

— X —

Ex./BANGLA/PG/3.4/60/2017

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

বাংলা কবিতা

কোর্স পি.জি. - ৩.৪

সময় দু’ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

সব প্রশ্নের মান সমান

১ক. তার কবিতা বিষয়ে প্রচলিত নানান আখ্যা উল্লেখ করে জীবনানন্দ সে সম্পর্কে বলেন, ‘বই আংশিকভাবে সত্য’। কবির এই মন্তব্য বিষয়ে তোমার প্রতিক্রিয়া জানাও। ১০

অথবা

১খ. অব্যবস্থিত বাস্তব সম্পর্কে সমালোচনা ও তাতে প্রত্যাখ্যান করে অন্য কোথাও বা কিছুতে পরিত্রাণ চাওয়া—জীবনানন্দের প্রথম পর্বের কবিতার এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য।—মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও। ১০

২ক. “ঠিক এই ধরনের ছন্দ-ক্রীড়া—সুধীন্দ্রনাথ আগে পরে কখনোই আর করেননি।”—মন্তব্যটির প্রেক্ষিতে “অর্কেস্ট্রা” কবিতাটি কীভাবে আঙ্গিকগত অভিনবত্বে পাশ্চাত্যের সিম্ফনি জাতীয় সুরসৃষ্টির সমগোত্রীয় হয়ে ওঠে—আলোচনা করো। ১০

(Turn Over)